



# প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ

৩ সার্কিট হাউস রোড, ঢাকা - ১০০০ ফোন: ৯৩৩০০৮১-৩, ফ্যাক্স: ৮৮০-২-৮৩১৭৪৫৮, www.pib.gov.bd ই-মেইল: dgplib@yahoo.com

## পিআইবি'র ইনোভেশন টিম এর ২৯.০১.২০১৯ তারিখ বেলা ৩.৩০ টায় অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

পিআইবি'র ইনোভেশন টিম এর একটি সভা ২৯.০১.২০১৯ তারিখ বেলা ৩.৩০ টায় ইনোভেশন অফিসার ও পরিচালক (প্রশাসন) জনাব মো. ইলিয়াস ভূইয়া-এর সভাপতিত্বে তার অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ নিম্নরূপঃ

ক্র.নং	নাম ও পদবী	কমিটির পদবী
১.	মোহাম্মদ আব্দুল মান্নান, প্রশিক্ষক	সদস্য
২.	ড. কামরুল হক, রিসার্চ অফিসার	সদস্য
৩.	মো. জাকির হোসেন, উপ-পরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব	সদস্য
৪.	মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, অতিরিক্ত দায়িত্ব	সদস্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভার প্রেক্ষাপট তুলে ধরে বলেন যে, সাবেক পরিচালক (অধ্যয়ন ও প্রশিক্ষণ) ও ইনোভেশন অফিসার বেগম আনোয়ারা বেগম পিআইবিতে বদলী হয়ে যাওয়ায় ইতোমধ্যে পিআইবি'র ইনোভেশন টিম পুনর্গঠন করা হয়েছে। এ প্রেক্ষিতে সভাপতি ইনোভেশন টিমের কার্যক্রম এবং পিআইবি'র উদ্ভাবন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ সম্পর্কে জানতে চাইলে জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা তা বিস্তারিত অবহিত করেন।

সভায় পিআইবি'র উদ্ভাবন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়।

কমিটির সদস্য জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা জানান, কর্মপরিকল্পনার ক্রম নং ১৬.১.১, ১৬.২.১ অনুযায়ী গত ১৪.০১.২০১৯ তারিখে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া ইতিপূর্বে কর্মপরিকল্পনার ক্রম নং ১.১.১, ১.১.২, ১.৩.১ অনুযায়ী নির্ধারিত সময়ে পিআইবি'র উদ্ভাবন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ প্রণয়ন করা হয়েছে ও তা মন্ত্রীপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে এবং তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে।


কর্মপরিকল্পনার ক্রম নং ২.১.১ অনুযায়ী ইতোমধ্যে ইনোভেশন টিমের চারটি সভা অনুষ্ঠিত হয়েছে। ক্রম নং ২.১.১ অনুযায়ী ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত বাস্তবায়নে পদক্ষেপ নেয়া হয়েছে। এ প্রেক্ষিতে প্রতিমাসের দ্বিতীয় সপ্তাহে ইনোভেশন টিমের সভা করার জন্য সকল সদস্য একমত পোষণ করেন।

গত ১৯ ডিসেম্বর ২০১৮ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত তথ্য মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার বার্ষিক উদ্ভাবন/ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার সিদ্ধান্ত অনুযায়ী তথ্য মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট কর্তৃক নাগরিক সেবায় উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে [কর্মপরিকল্পনার ক্রম নং ৩.১.১] ২০ জানুয়ারি ২০১৯ তারিখে আয়োজিত এক দিনের কর্মশালায় জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা অংশগ্রহণ করেছেন। এছাড়া তথ্য মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট কর্তৃক নাগরিক সেবায় উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে [কর্মপরিকল্পনার ক্রম নং ৩.২.১] ৩০-৩১ জানুয়ারি ২০১৯ তারিখে আয়োজিত দুই দিনের কর্মশালায় অংশগ্রহণের জন্য প্রশিক্ষক জনাব মোহাম্মদ আব্দুল মান্নান-কে মনোনয়ন দেয়া হয়েছে। ইনোভেশন মেন্টরিং কর্মশালায় [কর্মপরিকল্পনার ক্রম নং ৮.১.১, ৮.২.১] অংশগ্রহণের জন্য পরিচালক (প্রশাসন) জনাব মো. ইলিয়াস ভূইয়া এবং রিসার্চ অফিসার জনাব ড. কামরুল হক-এর নাম তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

কর্মপরিকল্পনার ক্রম নং ৪.১.১, ৫.৩.১ অনুযায়ী উদ্ভাবনী উদ্যোগের তালিকা প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। উদ্ভাবনী উদ্যোগের কার্যক্রম গুলো হচ্ছে, অনলাইন সার্টিফিকেট কোর্স অন জার্নালিজম কোর্সটি চলমান রয়েছে। প্রশিক্ষণার্থী নির্বাচনে পুনরাবৃত্তি রোধকল্পে প্রশিক্ষণার্থী সাংবাদিকদের ডাটাবেজ তৈরির নিমিত্তে মহাপরিচালক মহোদয়কে প্রশিক্ষণ বিভাগ থেকে একটি উপস্থাপনা দেয়া হয়েছে। এ বিষয়ে প্রশিক্ষণের আরো কিছু বিষয় অন্তর্ভুক্ত করে সফটওয়্যার তৈরির নিমিত্ত মহাপরিচালক মহোদয় নির্দেশনা দিয়েছেন। সাংবাদিকদের নিরাপদ কর্মক্ষেত্র ও নিজস্ব নিরাপত্তা বিষয়ে সচেতনতা ও দক্ষতা বৃদ্ধির বিষয়ে একটি প্রকল্প মন্ত্রণালয়ে জমা দেয়া হয়েছে। পিআইবি'র মোবাইল অ্যাপ্লিকেশন তৈরির বিষয়ে আইসিটি বিভাগে প্রয়োজনীয় তথ্যাদি জমা দেয়া হয়েছে। পিআইবি গ্রন্থাগারের সকল বইয়ের ক্যাটালগ কম্পিউটারাইজ করার কাজ চলমান রয়েছে।

কমিটির সদস্য জনাব মো. জাকির হোসেন জানান, কর্মপরিকল্পনার ক্রম নং ১০.১ অনুযায়ী ২০১৯-২০২০ অর্থবছরে ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে ইনোভেশন খাতে ৫ (পাঁচ) লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। সে মতে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য একটি কর্মপরিকল্পনা প্রয়োজন। এ প্রেক্ষিতে ইনোভেশন টিমের ফেব্রুয়ারি মাসের সভায় পরবর্তী বছরের জন্য একটি খসড়া কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

পরিশেষে নির্ধারিত সময়ের মধ্যে উদ্ভাবন কার্যক্রম সম্পাদনের জন্য ইনোভেশন অফিসার সকলের সহযোগিতা কামনা করেন এবং আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো: ইলিয়াস ভূইয়া)  
ইনোভেশন অফিসার  
ও  
পরিচালক (প্রশাসন)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১. মোহাম্মদ আব্দুল মান্নান, প্রশিক্ষক, পিআইবি, ঢাকা।
২. ড. কামরুল হক, রিসার্চ অফিসার, পিআইবি, ঢাকা।
৩. জনাব মো. জাকির হোসেন, উপ-পরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব, পিআইবি, ঢাকা।
৪. জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঞা, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অ.দা), পিআইবি, ঢাকা।
৫. অফিস কপি।